RP-Sanjiv Goenka Group
Growing Legacies

Phillips Carbon Black Limited

21st January, 2021

The Manager,
Listing Department,
National Stock Exchange of India Ltd,
Exchange Plaza,
Plot No. – C – 1, G Block,
Bandra – Kurla Complex,
Bandra (East),
Mumbai – 400051

The General Manager,
Department of Corporate Services,
BSE Ltd.,
1st Floor, New Trading Ring,
Rotunda Building,
P.J. Towers,
Dalal Street, Fort,
Mumbai – 400001

Dear Sir,

**Sub:- Publication of the Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter and nine months ended 31st December, 2020 in newspapers**

Further to our letter dated 20th January, 2020 please find enclosed a copy of the newspaper publication of the Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter and nine months ended 31st December, 2020 published today, i.e. Thursday, 21st January, 2021 in English in Business Standard (all editions) and in Bengali in Aajkal (Kolkata edition).

The same is for your information and record please.

Yours faithfully,
For **PHILLIPS CARBON BLACK LIMITED**

K. Mukherjee
Company Secretary and Chief Legal Officer

**Enclo:- As above**

# VST INDUSTRIES LIMITED

**Regd. Office :** Azamabad Hyderabad – 500 020
Phone: 91-40-27688000; Fax:91-40-27615336;
CIN: L29150TG1930PLC000576,
Email:investors@vstind.com, website: www.vsthyd.com

## EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2020

(₹ in Lakhs)

| Sl. No. | Particulars | Current 3 months ended 31-12-2020 (Unaudited) | Year to date figures for the current period ended 31-12-2020 (Unaudited) | Corresponding 3 months ended 31-12-2019 (Unaudited) |
|---|---|---|---|---|
| 1a | Total Revenue from Operations | 38040 | 109019 | 36846 |
| 1b | Other Income | 918 | 3547 | 1106 |
| | Total Income | 38958 | 112566 | 37952 |
| 2 | Net Profit for the period (before Tax, Exceptional and Extraordinary items) | 9973 | 32057 | 10916 |
| 3 | Net Profit for the period before Tax (after Exceptional and Extraordinary items) | 9973 | 32057 | 10916 |
| 4 | Net Profit for the period after Tax (after Exceptional and Extraordinary items) | 7371 | 23796 | 8148 |
| 5. | Total comprehensive Income for the period [comprising profit for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 7480 | 24011 | 8180 |
| 6 | Equity Share Capital | 1544 | 1544 | 1544 |
| 7 | Reserves (excluding Revaluation Reserves) | | | |
| 8 | Earnings per Share (EPS) (of ₹ 10/- each) (not annualised)<br>a) Basic and diluted EPS before extraordinary items<br>b) Basic and diluted EPS after extraordinary items | <br>47.73<br>47.73 | <br>154.10<br>154.10 | <br>52.77<br>52.77 |

**NOTES :**

1 The above mentioned results is an extract of the detailed format of Unaudited Financial Results for quarter and nine months ended 31st December, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of Unaudited Financial Results for quarter and nine months ended 31st December, 2020 are available on the Stock Exchange websites (www.bseindia.com; www.nseindia.com) and Company's website (www.vsthyd.com).

2. Limited Review of the above mentioned results as per Regulations 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 has been carried out by the Statutory Auditor, who has issued an unqualified review report.

For **VST INDUSTRIES LIMITED**
Sd/-
**ADITYA DEB GOOPTU**
MANAGING DIRECTOR
DIN : 07849104

Place: Hyderabad
Date: 20th January, 2021

# Phillips Carbon Black Limited

Registered Office : 31, Netaji Subhas Road, Kolkata - 700 001, Tel : +91 33 6625 1443, Fax : +91 33 2248 0140/2243 6681
Corporate Office : RPSG House, 2/4 Judges Court Road, 4th Floor, Kolkata - 700 027, Tel : +91 33 4087 0500/0600
CIN : L23109WB1960PLC024602, E-mail : pcbl@rpsg.in, Web : www.pcblltd.com

Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the Quarter and Nine Months ended 31st December, 2020 (₹ In Crores except as otherwise stated)

| Sl. No. | Particulars | Standalone | | | Consolidated | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | 3 months ended 31.12.2020 | 9 months ended 31.12.2020 | Corresponding 3 Months ended 31.12.2019 | 3 months ended 31.12.2020 | 9 months ended 31.12.2020 | Corresponding 3 Months ended 31.12.2019 |
| 1 | Total Income from operations | 771.19 | 1,797.99 | 773.82 | 771.83 | 1,799.61 | 774.46 |
| 2 | Net Profit / (Loss) for the period (before tax and exceptional items) | 154.41 | 229.56 | 92.48 | 154.93 | 230.85 | 93.06 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after exceptional items) | 154.41 | 229.56 | 92.48 | 154.93 | 230.85 | 93.06 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after exceptional items) | 125.03 | 184.89 | 69.62 | 125.55 | 186.18 | 70.20 |
| 5 | Total comprehensive income for the period | 129.19 | 222.14 | 64.45 | 129.49 | 223.10 | 65.66 |
| 6 | Paid-up Equity Share Capital (Shares of ₹ 2/- each) | 34.47 | 34.47 | 34.47 | 34.47 | 34.47 | 34.47 |
| 7 | Reserves (excluding Revaluation Reserves as shown in the Audited Balance Sheet of the previous year) | 1,657.21 | 1,657.21 | 1,613.60 | 1,664.65 | 1,664.65 | 1,615.42 |
| 8 | Earnings Per Share (EPS) (Face value of ₹ 2/- each) (not annualised): Basic and Diluted | 7.25 | 10.73 | 4.04 | 7.28 | 10.80 | 4.07 |

**Notes:**

a) The above is an extract of the detailed format of the Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter and nine months ended 31st December, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the aforesaid Results for the quarter and nine months ended 31st December, 2020 are available on the Company's website (**www.pcblltd.com**) and on the websites of the National Stock Exchange of India Limited (NSE) (**www.nseindia.com**) and Bombay Stock Exchange Limited (BSE) (**www.bseindia.com**).

RP-Sanjiv Goenka Group
Growing Legacies

By Order of the Board
**Kaushik Roy**
Managing Director
DIN : 06513489

Place : Kolkata
Date : 20 January, 2021



## আরও খবর

### কমলার মামা–মাসি

প্রথম মার্কিন মহিলা ভাইস প্রেসিডেন্ট হিসেবে ইতিহাসে কমলা হ্যারিস। ক্যাপিটল হিলে তাঁর শপথগ্রহণের আগে চেন্নাই থেকে বার্তা দিলেন তাঁর মামা গোপালন বালচন্দ্রন। বললেন, 'একা নিজের জোরে এতটা পথ পেরিয়েছেন কমলা। একটাই কথা বলব, ওঁর মা শ্যামলার দেওয়ার শিক্ষা যেন সর্বদা মনে রাখে।' কমলার মাসি ডাঃ সরলা গোপালন জানিয়েছেন, বোনঝি পরিবারের সদস্য হিসেবে তাঁকে ভার্চুয়ালি শপথ–অনুষ্ঠানে যোগ দিতে বলেছিলেন। তিনিই রাজি হননি। সরলার কথায়, 'ও তো আমার কাছে মার্কিন ভাইস প্রেসিডেন্ট নয়! সেই ছোট্ট বোনঝি!'

### ৬০ দেশে!

ব্রিটেনে যে নতুন স্ট্রেনের করোনাভাইরাস দেখা দিয়েছিল, তার হদিশ মিলেছে অন্তত ৬০টি দেশে। গত সপ্তাহেই 'এ–ফোর' নামের এই নতুন স্ট্রেন, যা আরও ছোঁয়াচে, তার সংক্রমণ দেখা দিয়েছিল ৫০টি দেশে। জানিয়েছে হু। সারা বিশ্বে অতিমারীর কারণে মৃতের হার ছাড়িয়েছে ২০ লক্ষ। গত ৭ দিনেই ৯৩ হাজার মানুষের মৃত্যু হয়েছে।

### কমলম


পদ্মফুলের আদল। রঙেও খানিকটা মিল। তাই গুজরাট সরকার ড্রাগন ফ্রুটের নামকরণ করল 'কমলম'। এই ঘোষণা করে গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রুপাণি বলেছেন, 'ড্রাগন ফ্রুটের বহিরঙ্গের সঙ্গে পদ্মের সাদৃশ্য লক্ষণীয়। তা ছাড়া ড্রাগন নামে চীনা–চীনা গন্ধ। স্বাদে–গন্ধে অনন্য এই ফল গত কয়েক বছরে দেশে বেশ জনপ্রিয় হয়েছে।'

### দূরের মানুষ

গত চার বছর প্রেসিডেন্ট থাকার মেয়াদকালে স্থানীয় এলাকা ও সম্প্রদায়ের অংশ হওয়ার চেষ্টাই করেননি ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউসে বসবাসের সময়ে কাছে পেনসিলভ্যানিয়া অ্যাভিনিউয়ের একটি হোটেলে মাত্র গিয়েছিলেন একবার। পূর্বসূরি বারাক ওবামা কিন্তু প্রায় আশপাশের হোটেল, রেস্তোরাঁয় যেতেন। ট্রাম্প ফাস্ট ফুডের পোকা হলেও, বাইরে থেকেই আনিয়ে নিতেন।

### মায়ের দেখা

গত অক্টোবরের পর আর জনসমক্ষে দেখা দেননি 'আলিবাবা'র প্রতিষ্ঠাতা জ্যাক মা। চীনা গণমাধ্যম নিয়ামক সংস্থার বিরুদ্ধে কথা বলার পর সরকারের রোষানলে পড়েছেন, এমন জল্পনা চলছিল। অবশেষে একটি ভিডিও–তে দেখা দিলেন মা। তাতে চীনা গ্রামীণ এলাকার কয়েকশো শিক্ষকের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন তিনি।



সাশ্রুনয়ন। ডেলাওয়ের থেকে বিদায় নিয়ে ওয়াশিংটন রওনা হওয়ার মুহূর্তে। ছবি: এএফপি

## ওভাল অফিসের প্রথম দিনেই

- কোভিড মোকাবিলায় ১০০ দিনের কর্মসূচি, যুক্তরাষ্ট্রীয় সরকারের ভবনে এবং রাজ্য থেকে রাজ্যান্তরে যেতে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করা— কর্মসূচির নাম '১০০ দিনের মাস্কিং চ্যালেঞ্জ'
- প্যারিস জলবায়ু চুক্তিতে ফের যোগদান
- বিশ্ব স্বাস্থ্য সংস্থায় ফের যোগদান
- ছাত্রদের ঋণশোধ স্থগিত
- বিচার বিভাগের কাজে সরকারি হস্তক্ষেপে নিষেধাজ্ঞা
- ট্রাম্পের বাতিল করা জনস্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত ১০০টি বিধি পুনর্বহাল
- একাধিক মুসলিম দেশের নাগরিকদের আমেরিকা যাতায়াতে বিধিনিষেধ প্রত্যাহার
- ১.১ কোটি নথিহীন অভিবাসীকে নাগরিকত্ব অর্জনের সুযোগ
- অনুপ্রবেশ ঠেকাতে মেক্সিকো সীমান্তে পাঁচিল তোলা বন্ধ করা

## ভাষণের নেপথ্যে



বিনয় রেড্ডি

শপথ গ্রহণের পর প্রেসিডেন্ট জো বাইডেনের ভাষণ রচনায় মুখ্য ভূমিকা পালন করেছেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক বিনয় রেড্ডি। মুখ্য ভাষণ রচয়িতা হিসাবেই তাঁকে হোয়াইট হাউসে নিয়োগ করেছেন বাইডেন। ওহায়ো স্টেট ইউনিভার্সিটির কলেজ অফ ল–এর প্রাক্তন ছাত্র রেড্ডি মায়ামি বিশ্ববিদ্যালয়ের স্নাতক। আদতে তেলেঙ্গানার পোথিরেড্ডিপেটা এলাকার বাসিন্দা রেড্ডির পরিবার। তবে বিনয়ের জন্ম আমেরিকাতেই। বড় হয়েছেন ডেটন এলাকায়। এখন সপরিবার থাকেন নিউ ইয়র্কে। এর আগে ভাইস প্রেসিডেন্ট থাকার সময় বাইডেনের ভাষণ লেখার দায়িত্বে ছিলেন বিনয়। শপথ নেওয়ার পর বিভাজিত আমেরিকাকে এক সূত্রে গাঁথতে চাইছেন বাইডেন। সেই সুরেই ভাষণ রচনা করেছেন বিনয়। বিনয়কে সহযোগিতা করেছেন প্রেসিডেন্টের সিনিয়র অ্যাডভাইজার মাইক ডোনিলন, সম্ভাব্য সেক্রেটারি অফ স্টেট টনি ব্লিনকেন এবং চিফ অফ স্টাফ রন ক্লেন।

# হোয়াইট হাউস ছেড়ে ফ্লোরিডার এস্টেটে ট্রাম্প

সংবাদ সংস্থা
ওয়াশিংটন, ২০ জানুয়ারি

বদলালেন না শেষ দিনেও। বিদায়কালের বার্তায় তাঁর উত্তরসূরির নামটুকুও উচ্চারণ করলেন না ডোনাল্ড ট্রাম্প। ১৫২ বছরের প্রথা ভেঙে থাকলেন না উত্তরসূরির শপথ অনুষ্ঠানেও। ক্ষমতা ছাড়ার আগে মার্জনা করে দিলেন দুর্নীতিতে অভিযুক্ত আরও ৭৩ জনকে, যাঁদের অনেকেই ছিলেন তাঁর ঘনিষ্ঠ বৃত্তে। এছাড়াও শাস্তি কমিয়েছেন ৭০ জনের। হোয়াইট হাউসের মায়া কাটিয়ে এবার ট্রাম্পের নতুন ঠিকানা ফ্লোরিডার পাম বিচের দ্বীপে মার–আ–লাগো এস্টেট। ফ্লোরিডার দ্বিতীয় বৃহত্তম ম্যানসন। গত চার বছর ধরে এটাই ছিল ট্রাম্পের 'শীতকালীন হোয়াইট হাউস'। এবার এটাই তাঁর স্থায়ী ঠিকানা হচ্ছে বলে খবর।

২০ একর জায়গা জুড়ে এস্টেট। ১২৮টি ঘর, ২০ হাজার বর্গফুটের বলরুম, টেনিস খেলার পাঁচটি ক্লে কোর্ট, ওয়াটারফ্রন্ট পুল সবই রয়েছে এখানে। তৈরি হয়েছিল ১৯২৭ সালে। ১৯৮৫ সালে সেটি কিনে নেন ট্রাম্প। ১ কোটি ডলার দাম দিয়ে। তারপর তাকে নিজের পছন্দের ক্লাব করে তোলেন ট্রাম্প। আটলান্টিক মহাসাগরের সামনে এই ক্লাব। সদস্যপদ কেনা যায়। এখন এর দাম ১৬ কোটি ডলার। এস্টেটের অন্য অংশের থেকে ট্রাম্পের থাকার জায়গা পুরোপুরি আলাদা। সেখানে রয়েছে তাঁর নিজস্ব কোয়ার্টার। নিউ ইয়র্ক পোস্টের খবর, আজ প্রেসিডেন্ট পদে জো বাইডেনের শপথের আগেই সকাল সকাল এখানে চলে আসার কথা ট্রাম্পের।

ট্রাম্প হোয়াইট হাউস ছেড়ে এখানে থাকতে আসছেন, বিশ্বাস হচ্ছে না আশপাশের বাসিন্দাদের। ফিসফাস চলছে। এটা সোশ্যাল ক্লাব। ১৯৯৩ সালের চুক্তি অনুযায়ী এখানে কেউ পাকাপাকিভাবে থাকতে পারেন না। ট্রাম্প পাকাপাকি ভাবে থাকতে আসায় স্থানীয় বাসিন্দাদের কেউ কেউ লিখিত আপত্তি জানিয়েছেন।

### বিদায়বার্তায় বাইডেনের নাম নিলেন না



ওয়াশিংটন থেকে বিদায় নিচ্ছেন ডোনাল্ড ট্রাম্প। ছবি: এএফপি

হোয়াইট হাউস থেকে বিদায় নেওয়ার দিনে ২০ মিনিটের একটা ভিডিও বার্তায় ট্রাম্প বলেছেন, 'এই সপ্তাহে নতুন প্রশাসনের সূচনা হবে। প্রার্থনা করি এই প্রশাসন যেন আমেরিকাকে নিরাপদ ও সমৃদ্ধ রাখতে পারে। শুভেচ্ছা জানাচ্ছি। আমরা চাই ভাগ্য ওদের সহায় হোক।' না, বাইডেনের নাম মুখে আনলেন না ট্রাম্প। বুঝিয়ে দিলেন, বিভাজনের রাজনীতি থেকে সরছেন না তিনি। বললেন, 'যা করতে এখানে এসেছিলাম তার চেয়ে বেশি করে গেলাম। সহজ রাস্তা, সমালোচনা এড়ানোর রাস্তা নিইনি। ভোটারদের স্বার্থ দেখাই ছিল আমার শেষ কথা। আমরা আমেরিকানদেরই ফের দেশের দায়িত্বে নিয়ে আসব।' কোভিডে ৪ লক্ষ মার্কিনির মৃত্যু নিয়ে কোনও মন্তব্য করেননি ট্রাম্প। কিন্তু দাবি করেছেন তাঁর চেষ্টাতেই এক বছরের মধ্যে দুটো টিকা বাজারে এসেছে। নিন্দা করেছেন ক্যাপিটলে হিংসার ঘটনার।

হোয়াইট ছাড়ার আগে ট্রাম্প ক্ষমা করেছেন তাঁর প্রাক্তন পরামর্শদাতা স্টিভ ব্যানন–সহ মোট ৭৩ জনকে। এঁদের সকলের বিরুদ্ধেই গুরুতর অভিযোগ রয়েছে। দলের তহবিলের লক্ষ লক্ষ ডলার হাতানোর অভিযোগে গত বছর গ্রেপ্তার হন ব্যানন। দুর্নীতিতে অভিযুক্ত ট্রাম্পের অর্থের জোগানদার এলিয়ট ব্রয়ডিও। প্রেসিডেন্ট ক্ষমা করায় এঁরা রেহাই পেলেন অপরাধের বিচারের হাত থেকে। নিজেকে এবং নিজের পরিবারকেও আগাম মার্জনা করে দেওয়ার কথা নাকি ভেবেছিলেন ট্রাম্প। কিন্তু হোয়াইট হাউস থেকে তাঁকে নিরস্ত করা হয়। বোঝানো হয়, এটা করলে মনে হবে, আপনিও অভিযুক্ত। বিদায় বেলায় নিজের লোকজনকে কিছু দাক্ষিণ্য দেখিয়েছেন ট্রাম্প। ট্রাম্প প্রশাসনে নিযুক্তরা পাঁচ বছরের জন্য শর্তে বাঁধা ছিলেন, নিজেদের পুরনো সংস্থার স্বার্থে কাজ করতে পারবেন না। প্রেসিডেন্ট পদের শেষদিনে সেই শর্ত থেকে তাঁদের রেহাই দিয়ে গেছেন ট্রাম্প।

এদিকে বাবা হোয়াইট হাউস ছাড়ার আগেই সেখানে নিজের বাগদান সেরে ফেললেন ট্রাম্পের ছোট মেয়ে টিফানি ট্রাম্প। ২৭ বছরের টিফানি বিয়ে করছেন ২৩ বছরের কোটিপতি ব্যবসায়ী মাইকেল বোলোসকে। সোশ্যাল মিডিয়ায় বাগদানের ছবি পোস্ট করে টিফানি লিখেছেন, 'সৌভাগ্যবশত পরিবারের সঙ্গে অনেক আনন্দের সময় কাটিয়েছি হোয়াইট হাউসে। সেগুলি কোনওটাই বাগদানের মতো স্মরণীয় নয়। প্রেমিক মাইকেলের সঙ্গে বাগদান। জীবনের নতুন অধ্যায় শুরু। দারুণ আনন্দ হচ্ছে।' ছবিতে দেখা যাচ্ছে টিফানির পরনে কালো রঙের পোশাক। হাতে বাগদানের আংটি। আইনের স্নাতক টিফানির মা মার্লা মেপলস ট্রাম্পের দ্বিতীয় স্ত্রী।



শপথের আগে সপরিবার। জো বাইডেন, কমলা হ্যারিস। ক্যাপিটলে। ছবি: এএফপি

### শপথ বাইডেন, কমলার

# আরেক যাত্রা শুরু আমেরিকার

সংবাদ সংস্থা
ওয়াশিংটন, ২০ জানুয়ারি

আমেরিকায় পালাবদল। হোয়াইট হাউস থেকে বিদায় ট্রাম্পের। অভূতপূর্ব নিরাপত্তার মধ্যে বুধবার দেশের ৪৬তম প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন ডেমোক্রেটিক পার্টির বিজয়ী প্রার্থী জো বাইডেন জুনিয়র। ভাইস প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন কমলা হ্যারিস। ট্রাম্পের চার বছরের বিভাজনের রাজনীতি শেষে আমেরিকায় শুরু হল এক নতুন পর্ব।

রাজধানী ওয়াশিংটনের যে ক্যাপিটল হিল ভবনকে কার্যত বিদ্রোহের রঙ্গমঞ্চ হিসাবে ব্যবহার করেছিল ট্রাম্পের সমর্থকেরা, সেই ভবনেরই পশ্চিম দিকে প্রকাশ্য মঞ্চে শপথ নিলেন প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট। স্থানীয় সময় বেলা ১২টা (ভারতে রাত সাড়ে দশটা) নাগাদ জো বাইডেনকে প্রেসিডেন্ট পদে শপথ বাক্য পাঠ করান প্রধান বিচারপতি জন রবার্টস। ১২৭ বছরের প্রাচীন পারিবারিক বাইবেল ছুঁয়ে শপথ নেন ৭৮ বছরের বাইডেন। তিনিই আমেরিকার সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট।

এর আগে ভাইস প্রেসিডেন্ট পদে শপথ নেন কমলা হ্যারিস। তাঁকে শপথ বাক্য পাঠ করান বিচারপতি সোনিয়া সোটোমেয়র। সোটোমেয়রই ২০১৩ সালে ভাইস প্রেসিডেন্ট পদে শপথ বাক্য পাঠ করিয়েছিলেন জো বাইডেনকে। ঘনিষ্ঠ পারিবারিক বন্ধু রেজিনা শেলটন এবং আমেরিকার সুপ্রিম কোর্টের প্রথম আফ্রো–আমেরিকান বিচারপতি থারগুড মার্শাল— এই দু'জনের বাইবেল ছুঁয়ে শপথ নেন ৫৪ বছরের কমলা হ্যারিস। শপথ নেওয়ার মধ্যে দিয়ে এদিন ইতিহাস ছুঁয়ে ফেললেন কমলা। ভারতীয় মায়ের কন্যা। আমেরিকার প্রথম মহিলা ভাইস প্রেসিডেন্ট। বাবা এবং মায়ের সূত্রে একই সঙ্গে তিনি প্রথম কৃষ্ণাঙ্গ এবং প্রথম দক্ষিণ এশীয় আমেরিকান ভাইস প্রেসিডেন্ট। যথার্থই থ্রি চিয়ার্স ফর কমলা। শপথের পর তিন সামরিক বাহিনীর সদস্যদের সামনে পাস ইন রিভিউতে অংশ নেন তাঁরা। এরপর জো ও স্ত্রী জিল বাইডেন, কমলা হ্যারিস এবং তাঁর স্বামী ডগলাস এমহফ যান আর্লিংটন ন্যাশনাল সমাধি ক্ষেত্রে। অনামা সৈনিকদের উদ্দেশে শ্রদ্ধা জানান তাঁরা। এদিনের অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন জেনিফার লোপেজ। জাতীয় সঙ্গীত পরিবেশনে ছিলেন লেডি গাগা। এদিনের অনুষ্ঠানের জন্য রচিত কবিতা দ্য হিল উই ক্লাইম্ব পড়ে শোনান কবি আমান্ডা গোরম্যান। শপথ অনুষ্ঠান সেরে রক্ষী পরিবৃত হয়ে বাইডেন যান হোয়াইট হাউসে। সেখানকার ওভাল অফিসে গিয়ে নিজের চেয়ারে বসেন নতুন প্রেসিডেন্ট। শুরু হয়ে যায় আমেরিকার রাজনৈতিক ইতিহাসে এক নতুন পর্ব। এদিনই এখানে গোটা পনেরো আদেশনামায় সই করার কথা নতুন প্রেসিডেন্টের। যার মধ্যে থাকছে বিশ্বস্বাস্থ্য সংস্থায় আমেরিকায় প্রত্যাবর্তন, প্যারিস জলবায়ু চুক্তিতে ফিরে আসা, কোভিড অতিমারীর মোকাবিলায় ১০০ দিনের কর্মসূচির মতো পদক্ষেপ। প্রত্যাহার করতে পারেন ট্রাম্প জমানার অভিবাসী–বিরোধী ব্যবস্থাগুলি।

এদিনের আবহ মোটেই শপথ গ্রহণ অনুষ্ঠানের মতো ছিল না। বিভাজন, হিংসার পরিবেশ থেকে আমেরিকার উত্তরণের এই সন্ধিক্ষণে ওয়াশিংটন ডিসি–র শহরকেন্দ্র হয়ে উঠেছিল এক দুর্ভেদ্য দুর্গ। ক্যাপিটল হিলের চারপাশ, পেনসিলভ্যানিয়া অ্যাভিনিউ ও হোয়াইট হাউস এলাকা ছিল সাধারণ মানুষের নাগালের বাইরে। অনেকটা এলাকা জুড়ে তৈরি করা হয়েছিল আট ফুট উঁচু লোহার ব্যারিকেড। ট্রাম্পপন্থীদের হামলার আশঙ্কায় রাজধানী ওয়াশিংটন জুড়ে নামানো হয়েছিল ২৫ হাজার ন্যাশনাল গার্ড। দক্ষিণপন্থীদের প্রতি সমর্থন রয়েছে সন্দেহে বাহিনীর মধ্যে থেকে ১২ জনকে আগেই সরিয়ে দেওয়া হয়। খুঁটিয়ে পরীক্ষা করা হয় মোতায়েন করা বাহিনীর প্রত্যেক সদস্যের অতীত। দেশের ৫০টি রাজ্যের রাজধানীতেও জারি ছিল কড়া সতর্কতা। সাধারণ মানুষকে বাড়িতে বসে টিভিতেই দেখতে হয়েছে অনুষ্ঠান। এ একেবারেই আমেরিকার অচেনা আবহ।

একদিকে দেশবাসীর মধ্যে আড়াআড়ি বিভাজন ও হামলার ভয় এবং সেকারণে অভূতপূর্ব নিরাপত্তার বেড়াজাল, অন্যদিকে কোভিডে ৪ লক্ষ মার্কিনির মৃত্যু ও দেশজুড়ে অতিমারীর অব্যাহত দাপটে প্রায় মানসিক ভাবে ভেঙে পড়া দেশ, সাধারণ মানুষের ভোগান্তি— এমন নজিরবিহীন পরিস্থিতিতে শাসনভার হাতে নিলেন বাইডেন। কোভিড সামলে, অর্থনীতিকে চাঙ্গা করে ভাঙা দেশকে জোড়া লাগানোর, আমেরিকার আত্মার পুনর্নির্মাণের বার্তা দিয়েছেন তিনি।

# মহাজোটে বিপাকে বিজেপি

তরুণ চক্রবর্তী

### অসম

গত বিধানসভা নির্বাচনের ফলাফলই বলে দিচ্ছে, কংগ্রেস–এআইইউডিএফ জোটবদ্ধ হলে ফল হত অন্যরকম। কিন্তু তখন দোর্দণ্ডপ্রতাপ মুখ্যমন্ত্রী তরুণ গগৈ বদরুদ্দিন আজমলের সঙ্গে জোটে সায় দেননি। হেরে গিয়েছিল কংগ্রেস। পরে গগৈ নিজেই আজমলের সঙ্গে জোট করতে উদ্যোগী হন। কিন্তু তাঁর মৃত্যু পিছিয়ে দেয় জোট প্রক্রিয়াকে। তবে মঙ্গলবারই মহাজোট ঘোষণা করল কংগ্রেস, এআইইউডিএফ ও বামদলগুলি। বিপাকে পড়েছে বিজেপি। আর এর পরেই শুরু হয়েছে বিভিন্ন কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে বিরোধী নেতাদের হয়রান করার চেনা পদ্ধতি। আক্রমণের মূল লক্ষ্য আজমল। এরই মধ্যে বুধবার মুখ্য নির্বাচন কমিশনার জানিয়ে গেলেন, অসমের সব দলই ১৪ এপ্রিল, বিহুর আগেই ভোট চেয়েছে। প্রাক্–নির্বাচনী সমীক্ষা বিজেপি–কে এগিয়ে রাখলেও মহাজোট সেই হিসেবকে ওলটপালট করে দেবে। ১২৬ সদস্যের অসম বিধানসভায় ক্ষমতা দখলের ম্যাজিক সংখ্যা হল ৬৪। ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে অগপ, বড়ো পিপলস ফ্রন্ট (বিপিএফ)–কে নিয়ে বিজেপি জোট পেয়েছিল ৮৬ আসন। বিজেপি পেয়েছিল ৬০টি আসন, জোট শরিক অগপ ১৪ এবং বিপিএফ ১২। তবে এ বারে বিপিএফের সঙ্গে সম্পর্ক ছেদ করেছে বিজেপি। বিজেপি–র সঙ্গে থাকা নিয়ে দু'ভাগে বিভক্ত অগপ।

রাজ্যের বিশিষ্ট বামপন্থী বুদ্ধিজীবী হীরেন গোঁহাই প্রকাশ্যেই বলেছেন, 'আজমল নয়, জাতির শত্রু বিজেপি–ই।' গতবার বিধানসভা নির্বাচনে কংগ্রেস ও এআইইউডিএফ আলাদা লড়ে মাত্র ৩৯টি আসন পেলেও, তাদের মোট প্রাপ্ত ভোট বিজেপি–র থেকে ছিল অনেকটাই বেশি। বিজেপি–র প্রাপ্ত ভোটের হার ছিল ৪১.৯ শতাংশ। অন্যদিকে, এআইইউডিএফ ও কংগ্রেসের মিলিত প্রাপ্ত ভোট ৪৪ শতাংশেরও বেশি। সঙ্গে রয়েছে বামপন্থীদের ভোট। অসমের বেশকিছু এলাকায় বামপন্থীদের প্রভাব রয়েছে। এক সময় সিপিএম ও সিপিআইয়ের লোকসভা সদস্যও ছিলেন অসম থেকে।

২০১৯–এর লোকসভা নির্বাচনে বিজেপি রাজ্যের ১৪টি আসনের মধ্যে ৯টি দখল করে। কংগ্রেস ৩টি ও এআইইউডিএফ ১টি আসন পায়। বড়োভূমির কোকরাঝাড় আসনটি দখল করেন নির্দল ও অ–বড়ো নেতা নব শরনিয়া ওরফে হীরা শরনিয়া। হেরে যায় বিজেপি–র তৎকালীন শরিক বিপিএফের প্রার্থী। এই নির্বাচনেও আলাদা ভাবে লড়েও, বিজেপি–র ৩৬ শতাংশের তুলনায় কংগ্রেস ও এআইইউডিএফ ৪৪ শতাংশ ভোট পেয়েছিল।

এবার বিপদ বুঝতে পেরেই বিজেপি আক্রমণের লক্ষ্য করেছে আজমলকে। বিজেপি–র ভোট কুশলী নেতা তথা রাজ্যের অর্থমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা মুসলিমদের লুঙ্গি ও বাঙালির ধুতি নিয়ে প্রকাশ্যেই কটাক্ষ করে উগ্র অসমিয়া জাত্যভিমানকে জাগিয়ে তোলার চেষ্টা করছেন। কিন্তু সেখানেও বিপদ। ইতিমধ্যেই আসু–র আশীর্বাদ নিয়ে অসম জাতীয় পরিষদ এবং রাইজার দল নামে দুটি নতুন আঞ্চলিক দল বিজেপি–র হিন্দু অসমিয়া ভোটব্যাঙ্কে থাবা বসাতে চলেছে। বাঙালিরা এমনিতেই বিজেপি–র ওপর ক্ষিপ্ত। কারণ রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল ও সেকেন্ড–ইন–কমান্ড হিমন্ত বিশ্বশর্মা আগে চরম বাঙালি বিদ্বেষী সংগঠন বলে পরিচিত আসু–র 'বঙাল খেদা' আন্দোলনের পুরোভাগে ছিলেন। এআইইউডিএফ নেতা আমিনুল ইসলামের দাবি, এবার আর রাজ্যে কোনও গেরুয়া ঢেউ নেই। ভাঙতে শুরু করেছে বিজেপি। উল্লেখ্য, বরাকের লখিমপুরের বিজেপি নেতা মুকেশ পান্ডে কংগ্রেসে যোগ দিয়েছেন। আরও অনেকেই কংগ্রেসে যোগ দিতে চান বলে শোনা যাচ্ছে।

এরই মধ্যে রাজ্যের মুখ্য নির্বাচনী অফিসার নীতীন খাড়ে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছেন। ২০২০ সালের থেকে এ বার ভোটার বেড়েছে ২.৪৬ শতাংশ। ফলে অসমের মোট ভোটার বেড়ে হয়েছে ২ কোটি ২৯ লাখ ৯২ হাজার ৫০৫।


**Phillips Carbon Black Limited**

Registered Office : 31, Netaji Subhas Road, Kolkata - 700 001, Tel : +91 33 6625 1443, Fax : +91 33 2248 0140/2243 6681
Corporate Office : RPSG House, 2/4 Judges Court Road, 4th Floor, Kolkata - 700 027, Tel : +91 33 4087 0500/0600
CIN : L23109WB1960PLC024602, E-mail : pcbl@rpsg.in, Web : www.pcblltd.com

**Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the Quarter and Nine Months ended 31st December, 2020** (₹ In Crores except as otherwise stated)

| Sl. No. | Particulars | Standalone | | | Consolidated | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | 3 months ended 31.12.2020 | 9 months ended 31.12.2020 | Corresponding 3 Months ended 31.12.2019 | 3 months ended 31.12.2020 | 9 months ended 31.12.2020 | Corresponding 3 Months ended 31.12.2019 |
| 1 | Total Income from operations | 771.19 | 1,797.99 | 773.82 | 771.83 | 1,799.61 | 774.46 |
| 2 | Net Profit / (Loss) for the period (before tax and exceptional items) | 154.41 | 229.56 | 92.48 | 154.93 | 230.85 | 93.06 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after exceptional items) | 154.41 | 229.56 | 92.48 | 154.93 | 230.85 | 93.06 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after exceptional items) | 125.03 | 184.89 | 69.62 | 125.55 | 186.18 | 70.20 |
| 5 | Total comprehensive income for the period | 129.19 | 222.14 | 64.45 | 129.49 | 223.10 | 65.66 |
| 6 | Paid-up Equity Share Capital (Shares of ₹ 2/- each) | 34.47 | 34.47 | 34.47 | 34.47 | 34.47 | 34.47 |
| 7 | Reserves (excluding Revaluation Reserves as shown in the Audited Balance Sheet of the previous year) | 1,657.21 | 1,657.21 | 1,613.60 | 1,664.65 | 1,664.65 | 1,615.42 |
| 8 | Earnings Per Share (EPS) (Face value of ₹ 2/- each) (not annualised): Basic and Diluted | 7.25 | 10.73 | 4.04 | 7.28 | 10.80 | 4.07 |

**Notes:**
a) The above is an extract of the detailed format of the Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter and nine months ended 31st December, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the aforesaid Results for the quarter and nine months ended 31st December, 2020 are available on the Company's website (**www.pcblltd.com**) and on the websites of the National Stock Exchange of India Limited (NSE) (**www.nseindia.com**) and Bombay Stock Exchange Limited (BSE) (**www.bseindia.com**).

Place : Kolkata
Date : 20 January, 2021

RP - Sanjiv Goenka Group
Growing Legacies

By Order of the Board
Kaushik Roy
Managing Director
DIN : 06513489